

**নারী ও কন্যাশিশু নির্যাতনের চার্ট (ফেব্রুয়ারি - ২০২২)**

বাংলাদেশ মহিলা পরিষদে সংরক্ষিত ১৩ টি জাতীয় দৈনিক পত্রিকার সংরক্ষিত তথ্যের ভিত্তিতে-

ক্রম	নির্যাতনের ধরণ	কন্যা শিশু নির্যাতন বয়স (১-১৮)	নারী নির্যাতন	নারী ও কন্যাশিশু নির্যাতন
১.	ধর্ষণ	৪৬	২৯	৭৫
২.	দলবদ্ধ ধর্ষণ	৩	৯	১২
৩.	ধর্ষণের পর হত্যা	১	-	১
৪.	ধর্ষণের কারণে আত্মহত্যা	-	-	-
৫.	ধর্ষণের চেষ্টা	৬	২	৮
৬.	শ্রীলতাহানী	১	৩	৪
৭.	যৌন নিপীড়ন	১	২	৩
৮.	পিতৃত্বের দাবি	-	-	-
৯.	এসিডদগ্ধ	-	১	১
১০.	এসিডদগ্ধের কারণে মৃত্যু	-	-	-
১১.	অগ্নিদগ্ধ	-	-	-
১২.	অগ্নিদগ্ধের কারণে মৃত্যু	-	-	-
১৩.	অপহরণ	১০	৩	১৩
১৪.	অপহরণের চেষ্টা	-	-	-
১৫.	নারী ও শিশু পাচার	-	-	-
১৬.	পতিতালয়ে বিক্রি	-	২	২
১৭.	যৌতুকের কারণে নির্যাতন	-	১৪	১৪
১৮.	যৌতুকের কারণে হত্যা	-	৭	৭
১৯.	শারীরিক নির্যাতন	১	১১	১২
২০.	গৃহপরিচারিকা নির্যাতন	-	-	-
২১.	গৃহপরিচারিকা হত্যা	-	-	-
২২.	গৃহপরিচারিকার আত্মহত্যা	-	-	-
২৩.	হত্যা	১০	১৯	২৯
২৪.	হত্যার চেষ্টা	-	১৫	১৫
২৫.	রহস্যজনক মৃত্যু	১২	২৫	৩৭
২৬.	আত্মহত্যা	৬	৭	১৩
২৭.	আত্মহত্যায় প্ররোচনা	-	-	-
২৮.	আত্মহত্যার চেষ্টা	-	৩	৩
২৯.	উত্ত্যক্ত	৪	২	৬
৩০.	উত্ত্যক্তের কারণে আত্মহত্যা	১	১	২
৩১.	প্রেমের প্রস্তাব প্রত্যাখান	-	-	-
৩২.	ফতোয়া	-	-	-
৩৩.	বাল্যবিবাহ	-	-	-
৩৪.	বাল্যবিবাহের চেষ্টা	৩	-	৩
৩৫.	জোরপূর্বক বিয়ে	-	-	-
৩৬.	পুলিশী নির্যাতন	-	-	-
৩৭.	সাইবার ক্রাইম	১	৪	৫
৩৮.	অন্যান্য	-	-	-
<b>মোট</b>		<b>১০৬</b>	<b>১৫৯</b>	<b>২৬৫</b>

বিঃদ্র: সংখ্যালঘু নির্যাতন- ২ জন।

পত্রিকার নাম: The Independent, The Daily Star, New Age, The Daily Observer, দৈনিক ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, দৈনিক জনকণ্ঠ, ভোরের কাগজ, যুগান্তর, সমকাল, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, দৈনিক কালের কণ্ঠ।

# বাংলাদেশ মহিলা পরিষদ

লিগ্যাল এইড উপ-পরিষদ, কেন্দ্রীয় কমিটি

ফেব্রুয়ারি, ২০২২ এর নারী ও কন্যাশিশু নির্যাতন বিষয়ে প্রাপ্ত তথ্য

তারিখ: ২৮.০২.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল


সংবাদ প্রকাশার্থে ও সংবাদ প্রচারার্থে।

**বিষয়:** বাংলাদেশ মহিলা পরিষদের কেন্দ্রীয় লিগ্যাল এইড উপ-পরিষদে সংরক্ষিত ১৩টি দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদের ভিত্তিতে ১০৬ জন কন্যাশিশু নির্যাতন এবং ১৫৯ জন নারী নির্যাতনের শিকার হওয়ার ঘটনাসহ মোট ২৬৫ জন নারী ও কন্যাশিশু নির্যাতনের রিপোর্ট প্রসঙ্গে।

পত্রিকায় প্রকাশিত সংবাদ অনুসারে ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে মোট ২৬৫ জন নারী ও কন্যাশিশু নির্যাতনের শিকার হয়েছে। ধর্ষণের শিকার হয়েছে ৮৮ জন। তন্মধ্যে ৪৬ জন কন্যাশিশুসহ ৭৫ জন ধর্ষণের শিকার, ৩ জন কন্যাশিশুসহ ১২ জন দলবদ্ধ ধর্ষণের শিকার, ১ জন কন্যাশিশু ধর্ষণের পর হত্যার শিকার হয়েছে। এছাড়াও ৬ জন কন্যাশিশুসহ ৮ জনকে ধর্ষণের চেষ্টা করা হয়েছে। ১ জন কন্যাশিশুসহ ৪ জন শ্রীলতাহানির শিকার হয়েছে। ১ জন কন্যাশিশুসহ ৩ জন যৌন নিপীড়নের শিকার হয়েছে। এসিডদ্রবের শিকার হয়েছে ১ জন। ৫ জন কন্যাশিশুসহ ৮ জন উত্ত্যক্তকরণের শিকার হয়েছে। তন্মধ্যে ১ জন কন্যাশিশুসহ ২ জন উত্ত্যক্তের কারণে আত্মহত্যা করেছে। ১০ জন কন্যাশিশুসহ ১৩ জন অপহরণের ঘটনার শিকার হয়েছে। ২ জনকে পতিতালয়ে বিক্রি করা হয়েছে। যৌতুকের কারণে নির্যাতনের শিকার হয়েছে ২১ জন, তন্মধ্যে ৭ জনকে যৌতুকের কারণে হত্যা করা হয়েছে। শারীরিক নির্যাতনের শিকার হয়েছে ১ জন কন্যাশিশুসহ মোট ১২ জন। বিভিন্ন কারণে ১০ জন কন্যাশিশুসহ ২৯ জনকে হত্যা করা হয়েছে। এছাড়াও ১৫ জনকে হত্যার চেষ্টা করা হয়েছে। ১২ জন কন্যাশিশুসহ ৩৭ জনের রহস্যজনক মৃত্যু হয়েছে। ৬ জন কন্যাশিশুসহ ১৩ জনের আত্মহত্যার ঘটনা ঘটেছে। এছাড়াও ৩ জন আত্মহত্যার চেষ্টা করেছে। ১ জন কন্যাশিশুসহ সাইবার অপরাধের শিকার হয়েছে ৫ জন। বাল্যবিবাহের ঘটনা ঘটেছে ৩ টি।

উল্লেখ যে, গত ১৫.০২.২০২২ তারিখ দৈনিক সমকাল, জনকণ্ঠ, যুগান্তর ও ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত রিপোর্ট অনুযায়ী গত আড়াই বছরে একটি পাচারকারী চক্র কিশোরী ও তরুণীদের ভালো চাকরির প্রলোভন দেখিয়ে দুবাইসহ বিভিন্ন দেশে ৮০ জনকে পাচার করেছে।

বার্তা প্রেরক-



মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ

**সংযুক্তি:** ১৩ টি দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশিত ঘটনার পেপার ক্লিপিং এর সংরক্ষিত তথ্যের ভিত্তিতে ফেব্রুয়ারি-২০২২ এর নারী ও কন্যাশিশু নির্যাতনের সংখ্যা।

**পত্রিকার নাম:**

The Independent, The Daily Star, New Age, The Daily Observer, দৈনিক ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, দৈনিক জনকণ্ঠ, ভোরের কাগজ, যুগান্তর, সমকাল, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, দৈনিক কালের কণ্ঠ।